



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

স্মারক নং-বশিবি/বিঅ/২০১৫/৯৯০৩

তারিখ : ২১ জুলাই-২০১৫

বিষয় : পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী ৮ম শ্রেণির কর্ম ও জীবনমুখী শিক্ষা ৯ম-১০ম শ্রেণির ক্যারিয়ার শিক্ষা এবং ৯ম-১০ম শ্রেণির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের নম্বর বন্টনের অনুসূচি।

সূত্র : স্মারক নং শিওউ/২৭৭/১১/৭৪৫

তারিখ: ০১/০৭/২০১৫ ইং

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় শিক্ষানীতি ২০১০ এর নির্দেশনার আলোকে জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ৬ষ্ঠ থেকে ৯ম-১০ম শ্রেণির শিক্ষাক্রম পরিমার্জন ও উন্নয়ন এবং সে অনুযায়ী পাঠ্যপুস্তক সম্পন্ন করেছে। পরিমার্জিত ও উন্নয়নকৃত শিক্ষাক্রম অনুযায়ী ৮ম শ্রেণির কর্ম ও জীবনমুখী শিক্ষা ৯ম-১০ম শ্রেণির ক্যারিয়ার শিক্ষা এবং ৯ম-১০ম শ্রেণির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের নম্বর বন্টনের অনুসূচি এতদসঙ্গে প্রেরণ করা হলো। উল্লিখিত ০৩ টি বিষয় ২০১৫ শিক্ষাবর্ষে নতুন প্রবর্তিত হওয়ায় নম্বর বন্টন ইতোপূর্বে প্রেরণ করা হয়নি।


৮ম শ্রেণির কর্ম ও জীবনমুখী শিক্ষা বিষয়ের নম্বর বন্টন

নম্বর	নম্বর বন্টন	মন্তব্য
৫০	সৃজনশীল প্রশ্নের জন্য ৩০ নম্বর এবং বহুনির্বাচনি প্রশ্নের জন্য ২০ নম্বর বরাদ্দ আছে। সৃজনশীল প্রশ্ন : <ul style="list-style-type: none">৫টি সৃজনশীল প্রশ্ন থাকবে, ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে।প্রতিটি সৃজনশীল প্রশ্নে নম্বর ১০। বহুনির্বাচনি প্রশ্ন : <ul style="list-style-type: none">২০ টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে।প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের মান ১ নম্বর।	

নবম ও দশম শ্রেণির ক্যারিয়ার শিক্ষা বিষয়ের নম্বর বন্টন

নম্বর	নম্বর বন্টন	মন্তব্য
৫০	তৃতীয় অংশের জন্য ২৫ নম্বর এবং ব্যবহারিক অংশের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে। তৃতীয় অংশ <ul style="list-style-type: none">২৫ টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে।সবগুলো প্রশ্নের উত্তর প্রদান করতে হবে।প্রতিটি প্রশ্নের মান ১ নম্বর। ব্যবহারিক অংশ <ul style="list-style-type: none">এসাইনমেন্ট/প্রজেক্ট/অনুশীলন/ব্যবহারিক : ২০নম্বর।মৌখিক অভিক্ষা : ৫ নম্বর। ব্যবহারিক অংশের জন্য নির্দেশনা : <ul style="list-style-type: none">শিক্ষাক্রমে বর্ণিত ব্যবহারিক কাজ সমূহ শিক্ষা প্রতিষ্ঠানগুলো সম্পন্ন করবে। প্রয়োজনে শিক্ষাবোর্ড ব্যবহারিক কাজের একটি তালিকা শিক্ষাপ্রতিষ্ঠান সমূহে প্রেরণ করতে পারে।সম্পন্ন ব্যবহারিক কাজের মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ০৩টি ব্যবহারিক কাজের নম্বর গড় করতে হবে।ব্যবহারিক কাজের প্রাপ্ত গড় নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শিক্ষার্থীর নিবন্ধন নম্বর অনুযায়ী সংরক্ষণ করবেন।শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বরিশাল শিক্ষাবোর্ডে প্রেরণ করবে।প্রতিটি ব্যবহারিক কাজের জন্য ২৫ নম্বর বরাদ্দ থাকবে।	


চলমান



নবম-দশম শ্রেণির তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ের নম্বর বন্টন

নম্বর	নম্বর বন্টন	মন্তব্য
৫০	<ul style="list-style-type: none"> তৃতীয় অংশের জন্য ২৫ নম্বর এবং ব্যবহারিক অংশের জন্য ২৫ নম্বর বরাদ্দ আছে। <p>তৃতীয় অংশ</p> <ul style="list-style-type: none"> ২৫ টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে। সবকটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের মান ১ নম্বর। <p>ব্যবহারিক অংশ</p> <ul style="list-style-type: none"> যন্ত্র/উপকরণ সংযোজন ও ব্যবহার/প্রক্রিয়া অনুসরণ/উপাত্ত সংগ্রহ ও প্রক্রিয়াকরণ/অঙ্কন/পর্যবেক্ষণ/সনাক্তকরণ/অনুশীলন : ১৫ নম্বর প্রতিবেদন প্রণয়ন : ৫ নম্বর মৌখিক অভীক্ষা : ৫ নম্বর <p>ব্যবহারিক অংশের জন্য নির্দেশনা</p> <ul style="list-style-type: none"> শিক্ষাক্রমে বর্ণিত ব্যবহারিক কাজসমূহ শিক্ষাপ্রতিষ্ঠানগুলো সম্পন্ন করবে। প্রয়োজনে শিক্ষাবোর্ড ব্যবহারিক কাজের একটি তালিকা শিক্ষাপ্রতিষ্ঠান সমূহে প্রেরণ করতে পারে। সম্পন্ন ব্যবহারিক কাজের মধ্যে সর্বোচ্চ নম্বর প্রাপ্ত ৩৩টি ব্যবহারিক কাজের নম্বর গড় করতে হবে। ব্যবহারিক কাজের প্রাপ্ত গড় নম্বর শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ শিক্ষার্থীর নিবন্ধন নম্বর অনুযায়ী সংরক্ষণ করবেন। শিক্ষাবোর্ডের নির্দেশনা অনুযায়ী শিক্ষার্থীদের প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বরিশাল শিক্ষাবোর্ডে প্রেরণ করবে। প্রতিটি ব্যবহারিক কাজের জন্য ২৫ নম্বর বরাদ্দ থাকবে। 	

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশ ক্রমে



বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশালই-মেইল : barisalboard@gmail.com

প্রাপক

প্রধান শিক্ষক/অধ্যক্ষ

অত্র বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক বিদ্যালয়